
মেডিকেল
গ্যাস/অক্সিজেন
ব্যবস্থাপনা

# অগ্নি প্রতিরোধ এবং প্রতিরক্ষা




## আগুন লাগার কারণ কি?

- **তাপ, জ্বালানী এবং অক্সিজেন –**
এই তিনটি উপাদান একত্রিত হলে আগুন লাগবে।



## বৈদ্যুতিক বিষয়াদি

- অব্যবহৃত অবস্থায় সকল বৈদ্যুতিক যন্ত্রপাতি **বন্ধ রাখুন এবং সংযোগ বিচ্ছিন্ন করুন**।
- বৈদ্যুতিক যন্ত্রপাতি, সুইচ, ক্যাবল ইত্যাদি **নিয়মিত পরীক্ষা করুন**।
- **ওভারলোড** পরিহার করুন।



## দাহ্য পদার্থ

- দাহ্য তরল পদার্থ – যেমন অ্যালকোহল ভিত্তিক হ্যান্ড স্যানিটাইজার, মেডিকেল গ্যাস/অক্সিজেন সিলিন্ডার, বিপজ্জনক রাসায়নিক ইত্যাদি **নিরাপদ দূরত্বে সুরক্ষিত রাখুন**।




## জরুরী নির্গমন রাস্তা

- হুইলচেয়ার, চিকিৎসা সরঞ্জামাদি, আবর্জনা বিন বা অন্যান্য প্রতিবন্ধকতা থেকে **জরুরী নির্গমন রাস্তা মুক্ত রাখুন**।


স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
UHC Upazila Health Care
USAID আমেরিকার জনগণের পক্ষ থেকে
unicef সকল শিশুর জন্য




## অগ্নি প্রতিরোধ এবং প্রতিরক্ষা:


# মেডিক্যাল অক্সিজেন

## মেডিক্যাল গ্যাস/অক্সিজেন লিকেজ সতর্কতা



- প্রয়োজন ছাড়া কোনো বৈদ্যুতিক ডিভাইস স্পর্শ করবেন না
- ধূমপান করবেন না এবং এমন কিছু ব্যবহার করবেন না যা স্পার্কের কারণ হতে পারে
- ওয়ার্ড বা কেবিনে মশার কয়েল ব্যবহার করবেন না
- মেডিকেল গ্যাস লাইনে মোবাইল চার্জার ঝুলিয়ে রাখবেন না
- অক্সিজেন ফ্লো মিটার ব্যবহার না করলে তা সর্বদা বন্ধ রাখুন
- যে কোনো নির্মাণ/সংস্কার করার আগে MGPS লেআউট চেক করুন
- নিয়মিত রুমের ভেতরকার পরিবেশের অক্সিজেন পরীক্ষা করুন।
- কোনো লিকেজ নেই তা নিশ্চিত করতে নিয়মিত মেডিকেল গ্যাস আউটলেট পরীক্ষা করুন
- কোনো ধরনের লিকেজের শব্দ বা গন্ধ পেলে অবিলম্বে হাসপাতাল কর্তৃপক্ষকে জানান
- সিলিন্ডার পরিচালনা এবং মেরামত রক্ষণাবেক্ষণের সময় হাতে গ্রিজ, লুব্রিকেন্ট তেল ব্যবহার করবেন না
- শুধুমাত্র অনুমোদিত ব্যক্তিগণ মেডিক্যাল গ্যাস সম্পর্কিত যন্ত্রপাতি মেরামত এবং রক্ষণাবেক্ষণ করতে পারবেন

## মেডিকেল গ্যাস সিলিন্ডার সংরক্ষণ



- বায়ু চলাচল করে এমন এলাকায় মেডিকেল গ্যাস/অক্সিজেন সিলিন্ডার সংরক্ষণ করুন
- মেডিক্যাল গ্যাস সিলিন্ডারগুলো এমনভাবে সংরক্ষণ করুন যাতে তা পড়ে না যায়
- নিয়মিত মেডিকেল গ্যাস/অক্সিজেন সিলিন্ডার পরীক্ষা করুন
- সর্বদা ডিজিডিএ সার্টিফাইড সিলিন্ডার ব্যবহার করুন

স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়


UHC Upazila Health Care

USAID আমেরিকার জনগণের পক্ষ থেকে

unicef সকল শিশুর জন্য

মেডিকেল
গ্যাস/অক্সিজেন
ব্যবস্থাপনা


# অগ্নি নিরাপত্তার জন্য PASS শব্দটি মনে রাখবেন



**Pull** the pin (or other motion) to unlock the fire extinguisher

অগ্নি নির্বাপক যন্ত্রটি আনলক করতে পিনটি টানুন


---



**Aim** at the base (bottom) of the fire and stand 6 to 10 feet away

আগুনের গোড়ায় (নীচে) লক্ষ্য স্থির করুন এবং ৬ থেকে ১০ ফুট দূরে দাঁড়ান


---



**Squeeze** the lever to discharge the agent

স্প্রে করার জন্যে লিভারটি চেপে ধরুন


---



**Sweep** the spray from left to right until the flames are totally extinguished


স্প্রেটি বাম থেকে ডানে সুইপ করুন যতক্ষণ না আগুন সম্পূর্ণরূপে নিভে যায়

মেডিকেল
গ্যাস/অক্সিজেন
ব্যবস্থাপনা



# আগুন লাগলে করণীয়

১ আগুন লাগলে প্রথমেই বৈদ্যুতিক সুইচ, সম্ভব হলে মেইন সুইচ বন্ধ করে দিতে হবে।



২ নিকটবর্তী ফায়ার সার্ভিস অফিসে যোগাযোগ করতে হবে। যোগাযোগ নাম্বার জানা না থাকলে ৯৯৯ নাম্বারে যোগাযোগ করতে হবে।




৩ ভবনে আগুন লাগলে সিঁড়ি ব্যবহার করুন, কোন অবস্থাতেই লিফট ব্যবহার করা যাবেনা।



৪ যদি বের হয়ে আসার পূর্বেই স্থান ধোঁয়ায় ঢেকে যায়, তাহলে রুমাল বা কাপড় দিয়ে নাক ঢেকে ফেলুন, সম্ভব হলে কাপড়টি পানিতে ভিজিয়ে নিন। যদি ঘন কালো ধোঁয়ায় এলাকা ভরে যায় তবে, নিচু হয়ে বা হামাগুড়ি দিয়ে স্থান ত্যাগ করার চেষ্টা করতে হবে।

৫ গায়ে আগুন লাগলে দৌড়াদৌড়ি করা যাবেনা, এতে আগুন বেড়ে যায়। দ্রুত মাটিতে গড়াগড়ি দিয়ে আগুন নেভানোর চেষ্টা করতে হবে। হাতের কাছে কম্বল, কাথা এমনকি চটের বস্তা থাকলে তা ভিজিয়ে গায়ে জড়িয়ে দিতে হবে।

৬ যদি কোন ব্যক্তি আগুনে পুড়ে যায় তাকে এমনভাবে শুইয়ে দিতে হবে যাতে তার পোড়া অংশ খোলা থাকে। পোড়া অংশের কাপড় টানাটানি করে না খুলে কেটে ফেলতে হবে এবং ক্ষতস্থানে পানি, সম্ভব হলে ঠান্ডা পানি ঢালতে হবে এবং দ্রুত নিকটবর্তী হাসপাতালে স্থানান্তর করতে হবে।

আপনার স্বাস্থ্য আমাদের অঙ্গীকার
HPNSP
স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
UHC Upazila Health Care
USAID আমেরিকার জনগণের পক্ষ থেকে
unicef সকল শিশুর জন্য

মেডিকেল গ্যাস/অক্সিজেন ব্যবস্থাপনা

# সঠিক অগ্নি নির্বাপক যন্ত্র ব্যবহার করা

## Water

যে সব ক্ষেত্রে ব্যবহার করা যাবে

- CLASS A কাঠ, কাগজ, টেক্সটাইল ইত্যাদি

যে সব ক্ষেত্রে ব্যবহার করা যাবে না

- CLASS B দাহ্য তরল পদার্থ
- লাইভ বৈদ্যুতিক সরঞ্জাম

## Dry Powder

যে সব ক্ষেত্রে ব্যবহার করা যাবে

- CLASS A কাঠ, কাগজ, টেক্সটাইল ইত্যাদি
- CLASS B দাহ্য তরল পদার্থ
- CLASS C গ্যাসীয় আগুন
- লাইভ বৈদ্যুতিক সরঞ্জাম

## Foam

যে সব ক্ষেত্রে ব্যবহার করা যাবে

- CLASS A কাঠ, কাগজ, টেক্সটাইল ইত্যাদি
- CLASS B দাহ্য তরল পদার্থ

যে সব ক্ষেত্রে ব্যবহার করা যাবে না

- লাইভ বৈদ্যুতিক সরঞ্জাম

## CO2

যে সব ক্ষেত্রে ব্যবহার করা যাবে

- CLASS B দাহ্য তরল পদার্থ
- লাইভ বৈদ্যুতিক সরঞ্জাম

যে সব ক্ষেত্রে ব্যবহার করা যাবে না

- CLASS A কাঠ, কাগজ, টেক্সটাইল ইত্যাদি
- CLASS D METAL দাহ্য ধাতব আগুন

বদ্ধ জায়গায় ব্যবহার করবেন না

## Wet Chemical

যে সব ক্ষেত্রে ব্যবহার করা যাবে

- CLASS F রান্নার তেলে আগুন
- CLASS A কাঠ, কাগজ, টেক্সটাইল ইত্যাদি

কমপক্ষে ১ মিটার দূর থেকে আগুনের উপর সিলিন্ডারের সম্পূর্ণ তরল ব্যবহার করুন


স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়

UHC Upazila Health Care

USAID আমেরিকার জনগণের পক্ষ থেকে

unicef সকল শিশুর জন্য